

জুমআর নামায ফরয? না, ওয়াজিব?

প্রশ্ন:

জুমআর নামাযের শরঈ অবস্থান কী-এটি ফরয, না ওয়াজিব? আমাদের এলাকায় এ নিয়ে ব্যাপক বিতর্ক দেখা দিয়েছে। কেউ বলছেন, ফরয। কেউ বলছেন, ওয়াজিব।

-উসমান গণী

উত্তর:

জুমআর নামায ফরয। যেসব কিতাবে এটিকে ওয়াজিব বলা হয়েছে, সেগুলোতেও ওয়াজিব দ্বারা ফরয উদ্দেশ্য। ফিকহের কিতাবগুলোতে অনেক ক্ষেত্রেই ফরয অর্থে ওয়াজিব শব্দটি ব্যবহৃত হয়। -ফাতহুল কাদীর: ২/৪৯ (ইলমিয়্যাহ); আল-বাহরর রায়েক: ২/১৫০ (দারুল কিতাবিল ইসলামী); রদুল মুহতার: ২/১৩৬ (দারুল ফিকর)

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনল)

০৪-০৭-১৪৪৭ হি.

২৫-১২-২০২৫ ঈ.

